

## ইবিতে ছাত্রদের ধর্মঘট, গাড়ি ভাংচুর

■ ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি  
ইসলামী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালন  
করছে ছাত্রদল। ধর্মঘটের ফলে ক্রাস-  
পল্লীকর্মসহ একাডেমিক ও প্রশাসনিক  
কার্যক্রম ব্যাহত হয়েছে। প্রফেসরকৃত  
সাধারণ সম্পাদকসহ নেতাকর্মীদের  
মুক্তি ও যামলা প্রত্যাহারসহ পাঁচ দফা  
দাবিতে গতকাল থেকে দুইদিনের  
ধর্মঘট পালন করছে পৃষ্ঠা ২ কলাম ৩

### ইবিতে ছাত্রদের

২০ পৃষ্ঠার পর

ভারা। ক্যাম্পাসে আশ্রয় পথে কয়েকটি বাসে হামলাও চালিয়েছে ছাত্রদল।

পাঁচ দফা দাবি আদায়ের পূর্ব পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয় প্রশাসনকে  
সময় বেধে দিয়েছিল বিশ্ববিদ্যালয় ছাত্রদল। দাবি আদায় না হওয়ায় গতকাল  
শনিবার থেকে দুইদিনের ধর্মঘট পালন করছে তারা। সকাল থেকে ছাত্রদের  
নেতাকর্মীরা কুষ্টিয়া-খিনাইদহ সড়কের বিভিন্ন পর্যায়ে অবস্থান নেয়। সকাল  
নয়টার দিকে কয়েকটি বাস শিক্ষার্থীদের নিয়ে কুষ্টিয়া থেকে ক্যাম্পাসে আসার পথে  
বিত্তিপাড়া নামক স্থানে পৌছালে বাসগুলোতে হামলা চালায় ছাত্রদের  
নেতাকর্মীরা। এতে বিশ্ববিদ্যালয়ের তিনটি বাস ভাংচুর হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রচীর প্রফেসর ড. জাহাঙ্গীর হোসাইন বলেন, ছাত্রদের  
দাবির বিষয়ে আমরা আলোচনা করছি। আমরা ক্যাম্পাসে বাস্তবিক রাখতে সব  
ধরনের চেষ্টা অব্যাহত রেখেছি। কিছু বিচ্ছিন্ন ঘটনা ছাড়া ক্যাম্পাসে বাস্তবিক ছিল।